

সমকাল

শিক্ষকসহ ৯ ভূয়া পরীক্ষার্থী আটক

৮ ঘণ্টা আগে

সাতক্ষীরা প্রতিনিধি

সাতক্ষীরার দেবহাটায় ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষায় জালিয়াতির আশ্রয় নিয়ে পরীক্ষায় অংশগ্রহণের অভিযোগে নয় ভূয়া পরীক্ষার্থীসহ এক মাদ্রাসা শিক্ষককে আটক করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে দেবহাটার সখিপুর দাখিল মাদ্রাসা কেন্দ্র থেকে তাদের আটক করা হয়। আটক নুরুল ইসলাম উত্তর পারুলিয়া ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষক। এছাড়া আটক ভূয়া শিক্ষার্থীরা উত্তর পারুলিয়া স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষার্থীদের স্থলে পরীক্ষা দিচ্ছিল। তারা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

